# হৃদয় জানালা

মানব জীবনের মূল কথাটাই হচ্ছে ভালোবাসা। নানা অভিব্যক্তিতে ভালোবাসার প্রকাশ ঘটে থাকে। নিরন্তর ভালোবাসতে পারাটাই যেনো বেঁচে থাকার সোপান। চাই না বাঁচতে আমি প্রেমহীন হাজার বছর। আপনার অনেক অব্যক্ত কথা হৃদয় জানালার পাতায় লিখুন। খুলে দিন অবরুদ্ধ কষ্টের দুয়ার। ভালোবাসার মানুষটিকে গভীরভাবে কাছের করে নিন...

## দুঃখ এবং প্রেম

সুমনা, এই অনাকাঙ্ক্ষিত আগমনে হৃদয়ে হাহাকার শূন্যতা বিরাজ করছে। এ যেন ফাঁসির মঞ্চে মৃত্যু ঘন্টা শোনার পরে নতুন করে বেঁচে থাকার স্বপ্ন দেখা। সব ফুল দিয়ে মালা হয় না, সব রাতে পূর্ণিমা হয় না, সব প্রেমেও মিলন হয় না। সুমনা, তোমার হৃদয়ের স্পন্দন যে আমি বুঝতে পারি। জানি আমি যতটুকু কষ্ট পাচ্ছি তার চেয়ে তুমি অনেক বেশি কষ্ট পাচ্ছো। কারণ তুমি বালুচরে বাসা বাঁধার স্বপ্ন দেখেছিলে আর আমি দুঃখ এবং আনন্দ দুটোই পেয়েছি। তুমি এলে শেষ বিকেলের ছায়া দিতে; কেন এলে না প্রথম প্রহরে? তোমার মতো একটি মেয়েকেই কামনা করেছিলাম যৌবনে পদার্পণ করার পরে। চেয়েছিলাম ভালোবেসে কাউকে বসাবো আমার হৃদয় সিংহাসনে। অপরিপূর্ণ রাজ্যে পূর্ণতা এনে দেবে হৃদয়ের রাণী। আসলে মানুষ যা প্রত্যাশা করে তা হয় না। অপ্রত্যাশাই প্রত্যাশায় পরিণত হয়। তোমার পত্র না পাওয়াই ভালো ছিল। এই অনাহত নির্মোহ জীবনে কেন শ্রাবণ এনে দিলে? আমার বাস সে অন্ধকারে, যে অন্ধকার ভেদ করা সম্ভব নয়। ক্ষণিকের এ আসা-যাওয়ার মাঝে যে কাব্য রচনা করে গেলে তা ধূপের ধোঁয়ার মতো জ্বলবে। হয়তো তুমি চাইলেও আমাকে মনে রাখতে পারবে না। তুব সুর হারিয়ে গেলেও বাঁশিটা যেন থাকে আমার। তোমার বাসর ঘর আমি নিজ হাতে সাজিয়ে দেবো সে সংযমের ক্ষমতা আমার আছে। কেন আজ মিছেমিছি চোখে চোখ রাখো। কেন কাটা ঘায়ে নুনের ছিটা দিতে চাও। কেন নিভে যাওয়া আগুনকে জ্বালাতে চাও। শান্ত দিঘির জলের মতো হও।

**মোঃ হেমায়েত হোসেন**
**সেগুনবাগিচা, ঢাকা**

## নন্দিতা তোমার কথা

আমার দৃষ্টিতে এই পৃথিবীর সবচেয়ে সুন্দর মনের মানুষটি 'নন্দিতা'। যার ভালোবাসা যদি সত্যি সত্যি কেউ পায় তাহলে সে নিশ্চিতভাবে সৃষ্টিকর্তার সৃষ্টিকে উপভোগ করতে পারবে। শুনেছি, প্রেম-ভালোবাসা পৃথিবীতে যুদ্ধ ও হানাহানি থামিয়ে দিতে পারে। আরও পারে যাবতীয় অকল্যাণ ও অশান্তির অবসান ঘটাতে। অথচ সেই ভালোবাসাই যখন একটি মানুষের জীবনের ধ্বংস ও বিপর্যয় ডেকে আনে তখন স্বাভাবিকভাবে তা অসহনীয় কষ্টের হয়ে দাঁড়ায়। আমি জানি, আমার শুভাকাঙ্ক্ষী বন্ধুটির নাম 'নন্দিতা' কিন্তু সে আমাকে বুঝতে চায় না। কারণ আমি ডাক্তারও নই, কম্পিউটার ইঞ্জিনিয়ারও নই। আচ্ছা নন্দিতা তুমি কি জান তোমার বাবা এবং মায়ের পরে তোমাকে কে সবচেয়ে বেশি ভালোবাসে, সে আমি। ভুল, সবই ভুল। সবকিছুর জন্যই আমি দায়ী। পারলে এই নষ্ট ছেলেটিকে ক্ষমা করে দিও। ভালো থেকো সব সময়, খু-উ-ব-ই ভালো। 'হৃদয় জানালা'র আশ্রয় নিলাম 'নন্দিতাকে বার্তাটি পৌঁছে দেবার জন্য।

**তোমার অল্প ক'দিনের পরিচিত**

দিয়ে জীবনকে সংগ্রামী ও জয়ী ঘোষণা করে। আমিও আশা করে আছি। নিশ্চয়ই কেউ লিখবেন- মনের মাধুরী মিশিয়ে।

**বক্স নং-২৬১, সাপ্তাহিক-২০০০**
**৯৬/৯৭ নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০**

## বেদনার বালুচরে

আমরা প্রতিনিয়ত সীমাহীন দুঃখ-বেদনা, হতাশা, জটিলতা ও প্রতিকূলতার মধ্যে একমাত্র আশা নিয়ে প্রতিটি দিন অতিবাহিত করি। আশাই মানুষকে কঠোর সংগ্রামে লিপ্ত করে সব প্রতিবন্ধকতা দূর করে মানব মনে প্রেরণা যোগায়। তরঙ্গ বিক্ষুব্ধ সাগরের বুকে জলযান পরিচালনা করা যেমন কঠিন ও কষ্টকর তেমনি মানুষের কাছেও আমাদের জগৎ সংসারটি জটিলতা, দুঃখ, বিপদ-আপদে ভরপুর। এ বিপদের তরঙ্গের দোলায় আমরা প্রতিনিয়তই দোদুল্যমান। এসব প্রতিকূলতা জীবনকে করে তোলে অতিষ্ট। সব প্রতিকূলতাকে সহ্য করে একমাত্র আশাকে অবলম্বন করে বেঁচে থাকে মানুষ। মানুষের জীবনে আশা আছে বলেই সে দুঃখ-কষ্টকে জয় করে নিজেকে সবল ও দৃঢ় রাখতে পারে। প্রতিটি মানুষই সুখের প্রত্যাশী। আগামীতে সব সমস্যা কেটে যাবে, এ আশা নিয়েই মানুষ সব সমস্যার মধ্য দিয়ে সংসার পাড়ি দেয়। বর্তমানের নিষ্ঠুর বাস্তবতার চেয়ে ভবিষ্যতের রঙিন স্বপ্নগুলোই জীবনে আশার সঞ্চার করে। আশা আমাদের অন্ধকার পথে আলোকরশ্মি ছড়িয়ে নতুনভাবে বেঁচে থাকার স্বপ্ন দেখায়। আশা আছে বলেই দুঃখ ও গ্লানির মাঝে জীবন এতো সুন্দর ও বৈচিত্র্যময়। আশা মানুষের জীবনের প্রতিকুলতাকে দূরে ঠেলে

## জীবন কি যন্ত্রণাময়!

উদ্বেগ আর উদ্বেলিত যখন আমি বোনের বাড়ির আঙিনার শেষ প্রান্তরে সেই সময় 'এস' নামের সুন্দরী মেয়েটি এসে সূচনা করল ভালোবাসার, তৈরি করল চার চোখের মিলনের একটি জীবন। প্রতিশ্রুতির সুতায় আমি তখন উড়িয়েছি কত না রঙিন ঘুড়ি। আমি কত স্বপ্নই না দেখিয়েছি, কত সুখে কেটেছে দিন। কিন্তু হঠাৎ নিয়তির ঝড়ে ছিঁড়ে গেলো আমার স্বপ্নের ঘুড়ি ধরার প্রাণান্তকর চেষ্টা। ক্লান্ত দেহ মন আর অবসন্ন অবস্থায় শুধু কষ্টই সঙ্গে রইল আমার, আর কিছু নয়। সময়ের পেছনে দৌড়। একগুচ্ছ রজনী গন্ধার উথাল-পাতাল গন্ধ। বিশুদ্ধ বিশ্বাসের খানিকটা স্পর্শ-নীল খাম। 'এস'-এর চোখে নিজেকে দেখা। শব্দহীন কিছু মুহূর্ত। তারপর, তারপর আমার ভালোবাসার পাঁজর ভেঙে গেলো। সুখের বাগানে নেমে এলো কালো ছায়া। মানুষের মন, আকাশের রঙ, 'এস'-এর মনের আকাশের রঙ পাল্টেছে। 'এস' নদীতে ভাসিয়েছে তরী। 'এস' আকাশে মেলেছে ডানা। বেঁধেছে ঘর অন্যের সঙ্গে। ফেলে দিয়ে বাতিল হয়ে যাওয়া এই আমাকে...।

**মোঃ কামরুল ইসলাম কামাল**
**ফার্স্ট সিকিউরিটি ব্যাংক লিঃ**
**২৩, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা**

# চি র কূ ট

## মেমসাহেবের মতো

নিমাই ভট্টাচার্যের 'মেমসাহেব' উপন্যাসের মেমসাহেবের মতো একজন বন্ধু চাই, যাকে সংজ্ঞায়িত করা যাবে শুধুই বন্ধুত্ব দিয়ে, যে হবে শুধুই বন্ধু বন্ধু এবং বন্ধু। জাতি, ধর্ম, বর্ণ এবং বয়স নির্বিশেষে যে কেউ হতে পারেন।

**তানভীর হাসান তানু, গ্রাম : রহিমাবাদ (বি-ব্লক), পোস্ট : বগুড়া ক্যান্টঃ, থানা: বগুড়া সদর, জেলা : বগুড়া, পোস্ট কোড-৫৮০১**

## বড় বোনের জন্য

আমার মনটা বড় হাহাকার করে একজন বড় বোনের জন্য। আছেন কি কেউ যিনি আমার আশাটাকে পূর্ণ করবেন। আদর করবেন। শাসন করবেন। লিখলে আমি চিরকৃতজ্ঞ থাকবো।

**ডাঃ এইচ, এম, জাকারিয়া**
**গ্রাম+ পোঃ আলীনগর-৩১০০, সিলেট**

## স্বপ্নে তুমি

খুব ইচ্ছে করে কাউকে সঙ্গী করে হৃদয়ে জমে থাকা ব্যাকুলতার কথাগুলো একান্তভাবে বলতে। ইচ্ছে করে তাকে নিয়ে চলে যেতে সমুদ্রের গভীরে। এতো বড় পৃথিবীতে কেউ নেই যে, আমার স্বপ্নগুলোকে বাস্তবে রূপদান করবে। লেখাগুলো যদি কারোর হৃদয় স্পর্শ করে তবে অবশ্যই লিখবেন। সাড়া পাবেন ১০০%।

**আজাদ রাসেল, বাসা নং-৪১/২৩/৯ (নিচতলা), নতুন রাস্তা, জিগাতলা, ঢাকা**

## আজও পাইনি খুঁজে

জীবনের আঠারোটি বসন্ত পার করে এসেছি। কি নেই আমার জীবনে, কিসের অভাব আমার? এমনিতে আমার বন্ধু-বান্ধবের অভাব নেই। কিন্তু হৃদয়ের গভীরে স্থান দিয়ে নিশ্চিন্ত থাকার মতো একজন বন্ধু আজও পাইনি খুঁজে...

**সুলতানুর রহমান (মান্না), অবকাশ, বাড়ি নং ১২# সেন্ট্রাল রোড, হাউজিং এস্টেট, মাইজদী কোর্ট, নোয়াখালী ৩৮০০**

## এসো বন্ধু হই

রিমঝিম এই বর্ষার দিনে এক বিকেলে পড়ার টেবিলে উদাস মনে বসে আছি। হঠাৎ আকাশ থেকে মেঘ সরে গিয়ে যখন রোদ এসে পড়ল তখন মনটা কেমন হয়ে গেল; মনে হলো কি নেই যেন, সত্যিই তো একজন ভালো বন্ধু নেই আমার। লিখুন প্লিজ।

**নির্মল, ১৩৪/ঘ, আশরাফুল হক হল বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ**

## For a Lovely...

'Friendship is really the jest of life, the cream of happiness, and the last anchor in the sea of sorrow.'

Yes, I horribly need a lovely and lovely minded she-friend from home /abroad in my solitary life. Our communication will be continued on letter based.

**Wasir Ideed**
**436-SSB Hall, Jahangir Nagar University**
**Savar-Dhaka, Bangladesh**

## নিঃস্বার্থ ভালোবাসা

আপু, দিদি, বৌদি- শব্দগুলো আমাকে প্রচন্ড রকম আকর্ষণ করে। কিন্তু কি দুর্ভাগ্য! এগুলো ডাকার মতো তেমন কেউ যে আমার নেই। জানি না, আপু, দিদির ভালোবাসা কেমন। শুধু গল্প-উপন্যাসে পড়েছি। মুগ্ধ হই সেই ভালোবাসা দেখে। নিঃস্বার্থ প্রচন্ড ভালোবাসা, শাসন, উৎকণ্ঠা আর সর্বদা শুভাকাঙ্ক্ষা এগুলোর জন্য মনপ্রাণ তৃষ্ণার্ত।

**Nayeen Akash, Room : 102 Alam Cottage, University of Chittagong, Chittagong-4331**
**emali : parvez 5-5@hotmail.com**

## নিঃসঙ্গ আমি

অঝোরে বৃষ্টি পড়ছে। হাতে আমার ধূমায়িত এক কাপ চা। মনে পড়ছে ফেলে আসা বিশ্ববিদ্যালয় জীবনের নানা কথামালা। অল্প কিছুদিন হল বিশ্ববিদ্যালয় ছেড়েছি, করছি একটা চাকরি। অভাববোধ করছি ভালো একজন বন্ধুর। বন্ধু হতে লিখুন আমায়-

**আশরাফ, আলাপন ট্রেডার্স, হাসপাতাল সড়ক, পোস্ট+ জেলা: নীলফামারী**

## কথা দিলাম...

সুখের আশায় চারটি বছর ধরে পড়ে আছি গ্রিসে। আছেন এমন কোনো বান্ধবী যে আমার আহত হৃদয়ের চাওয়া-পাওয়ার কথাগুলো শুনে হৃদয় দিয়ে ভালো বাসবেন? সারা জীবনের জন্য আমার ঘরণী হবেন? কথা দিলাম হৃদয়ের রাণী বানিয়ে রাখব। কোনো করুণা নয়, ছলনা নয়- সত্যিকারের ভালোবাসা চাই।

**Jahangir Alam, Sozopolos-22-A Tk-10446, Athens, Greece**

## বুকভরা ভালোবাসা

খুব ইচ্ছে করে কাউকে পাশে নিয়ে সমুদ্রের বালুকাবেলায় হাঁটতে, ভরা পূর্ণিমায় তাকে পাশে নিয়ে স্বপ্নের দেশে ভেসে যেতে। আমারও স্বপ্ন-সাধ ছিল ভালোবাসার অদৃশ্য হাতছানিতে নিজেকে বিলিয়ে দেব, ভালোবাসার বৃষ্টিতে ভিজে সিক্ত হবো আমি, দূর হবে একাকিত্বের দুর্বিষহ জীবন। কিন্তু তার আগেই প্রবাসে পাড়ি জমালাম। গভীর আগ্রহ ও প্রতারণাহীন একটি ফুটন্ত গোলাপ লিখতে পারেন সরলমনা এই অন্তরটিকে।

**Md.Rabbi, Moda-Kama-S.S.4, Po.Box No-73008, Riyadh-No-11538, K.S.A**

## ভালো থেকো

তোমার স্বাস্থ্য নিয়ে আমার ভাবনা খু-উ-ব। কবে যে স্বাস্থ্যটা ভালো হবে, জানি না। ভালো থেকো, চিঠি লিখো। শুভকামনায়,

**মোঃ মনিরুল হক, বাড়ি নং-১৮, রোড # ৩ ব্লক- কে, হালিশহর হা/এ, চট্টগ্রাম-৪২১৬**

## বন্ধুত্বের জন্য

এমন কেউ কি আছেন, যিনি চাতকের মতো চেয়ে আছেন ভালো বন্ধুত্বের জন্য। যিনি বন্ধুত্বের মর্যাদা দিতে জানেন। যিনি কখনো দুধের মাছি হতে চান না। যে ভালোবাসেন বই পড়তে, গান শুনতে, পাহাড় অরণ্য ও সাগরকে। আর ভালোবাসেন বন্ধুত্ব রক্ষা করতে। আছেন কি এমন কেউ। লিখুন...

**ইয়াছিন, ক্ষণিকালয় ছাত্রাবাস, মেহেরচন্ডী মধ্যপাড়া, পোঃ খড়খড়ি, থানা ঃ বোয়ালিয়া, জেলা ঃ রাজশাহী**